



বিসমিল্লাহির রাহমানির রাহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা
১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(স্থাপিত : ১৭৮০)



website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ : ১৬/১১/২০২২ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল (মাস্টার্স) ০১ বছর মেয়াদী শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অধিভুক্ত অনার্স মাদ্রাসা হতে (ক) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ (খ) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ (গ) দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ (ঘ) আরবি ভাষা ও সাহিত্য এবং (ঙ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ফায়িল অনার্স ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২০ এবং ফায়িল অনার্স ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০১৯ এ উত্তীর্ণ ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর আওতাধীন সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকায় কামিল মাস্টার্স (০১ বছর মেয়াদী) শ্রেণিতে ছাত্র ভর্তি চলছে। ভর্তিচ্ছু ছাত্রদেরকে আগামী ১১/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।

ক) একবছর মেয়াদী মাস্টার্স শ্রেণির বিভাগসমূহ :


ক্রম	বিভাগের নাম	আসন সংখ্যা	কক্ষ নং
১	আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ	৫০	১০৫
২	আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ	৫০	১০৬
৩	দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ	৫০	১০৮
৪	আরবি ভাষা ও সাহিত্য বিভাগ	৫০	১০৯
৫	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ	৫০	১১১

খ) ভর্তির যোগ্যতা :

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর আওতাধীনে পরিচালিত ফাজিল অনার্স ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২০ এ উত্তীর্ণ শিক্ষার্থী এবং ফাজিল অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০১৯ এ উত্তীর্ণ শিক্ষার্থী যারা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স ০১ বছর মেয়াদী শ্রেণিতে ভর্তি হয়নি তারা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স ০১ বছর মেয়াদী শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

গ) ভর্তির নিয়মাবলী :

- ০১। প্রথমে স্ব স্ব বিভাগে সেমিনার ফি জমা দিয়ে ভর্তি রশিদ সংগ্রহ করতে হবে।
- ০২। অফিসে ক্যাশিয়ারের নিকট ভর্তির টাকা জমা দিতে হবে।
- ০৩। ভর্তির টাকা জমার রশিদ দেখিয়ে স্ব স্ব বিভাগ থেকে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- ০৪। যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে ২ কপি ফটোকপি করতে হবে। প্রত্যেক কপির সাথে (মোট তিন কপি) উত্তীর্ণ সকল পরীক্ষার (দাখিল, আলিম ও অনার্স পাসের) নম্বরপত্র ও প্রসংশাপত্রের ফটোকপি এবং দু'টি করে রঙ্গীন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৫। ফায়িল অনার্স ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২০ এবং ফায়িল অনার্স ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০১৯ এ উত্তীর্ণ শিক্ষার্থীরা সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত টেবুলেশন শীটের কপি দিয়ে কামিল মাস্টার্সে আপাতত ভর্তি হতে পারবে। পরবর্তীতে যখন ফায়িল (অনার্স) পরীক্ষার মূল নম্বরপত্র ও প্রসংশাপত্র পাওয়া যাবে তখন একটি খামে ভরে অত্র মাদ্রাসায় স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।


মুহাম্মাদ আবদুর রশীদ
(মুহাম্মাদ আবদুর রশীদ)
আইডি নং: ১৭৮০
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।